

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারী মাধ্যমিক -০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১৩.২০০৯.১২৩

তারিখ: ০৬/০৩/২০১৮ খ্রি:

বিষয় : নওগাঁ জেলার সদর উপজেলাধীন ফয়েজ উদ্দিন মেমোরিয়াল ডিগ্রী কলেজের প্রদর্শক (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা) জনাব নবকিশোর পাল এর এম.পি.ও ভুক্তি সংক্রান্ত ।

সূত্র : ১. ৩৭.০০.০০০০.০৩১.০৪.০৭৯.১৬.৩৪ তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০১৮
২. ৭জি-৭৭৪/(ক-৩)/২০০৫/৬৮০৯ তারিখ : ২১.১২.২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয়সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব নবকিশোর পাল নওগাঁ জেলার সদর উপজেলাধীন ফয়েজ উদ্দিন মেমোরিয়াল ডিগ্রী কলেজের প্রদর্শক (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা) পদে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ এম.পি.ও ভুক্তির জন্য প্রস্তাব প্রেরণ করা হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদর্শক (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা) এর স্থলে প্রভাষক (মনোবিজ্ঞান) পদে এম.পি.ও ভুক্ত করা হয়। ইনডেক্স নম্বর -৩০৭২১০৬। তিনি বেতন ভাতা উত্তোলন না করে ১৪.১২.২০০৫ তারিখে এম.পি.ও শিটে পদ নাম সংশোধনের জন্য আবেদন করলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সংশোধনের পরিবর্তে ডিসেম্বর ২০০৬ সালে এম.পি.ও হতে তার নাম মুছে ফেলা হয়। তিনি ইনডেক্স নম্বর ফেরত পূর্বক বকেয়া বেতন ভাতা প্রদানের জন্য রিট পিটিশন নং-১২০২/২০১৬ দায়ের করেন।

২.০ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামত নিম্নরূপ :


Earlier we gave our opinion that the matter may be disposed up administratively. In reference to our above opinion it may be clarified that during pendency of the rule in the above writ Petition ther is no legal bar in disposing of the application of the petitioner dated 30.09.2015 as per law.

৩.০ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১২ আগস্ট ২০১৪ তারিখে জারিকৃত পত্র অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীগণের বেতন-ভাতার সরকারি অংশের ব্যবস্থাপনার দায়িত্ব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক অফিসে ন্যস্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে ০৮ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বেসরকারি স্কুল, কলেজ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারীদের অনলাইন এম.পি.ও বিতরণ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়েছে।

৪.০ এমতাবস্থায়, আদালতের নির্দেশনা এবং মন্ত্রিপরিষদ বিভাগের আদেশ অনুযায়ী নওগাঁ জেলার সদর উপজেলাধীন ফয়েজ উদ্দিন মেমোরিয়াল ডিগ্রী কলেজের প্রদর্শক (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা) জনাব নবকিশোর পাল এর এম.পি.ও ভুক্তির বিষয়টি ০৮ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী নিষ্পত্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(নুসরাত জাবীন বানু)
যুগ্মসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. উপ-সচিব (আইন-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।